

## REGIONAL NEWS

### UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 31-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

#### Parliament's Budget session :

আজ থেকে শুরু হচ্ছে সংসদের বাজেট অধিবেশন। সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের মাধ্যমে অধিবেশন শুরু হবে। রাষ্ট্রপতির ভাষণের পর লোকসভা ও রাজ্যসভার বৈঠকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন অর্থনৈতিক সমীক্ষা পেশ করবেন। শনিবার ২০২৫-২৬ অর্থবছরের বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী। লোকসভা ও রাজ্যসভায় সোমবার রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে আলোচনা হবে। আজ থেকে শুরু হওয়া বাজেট অধিবেশনের প্রথম পর্ব আগামী মাসের ১৩ তারিখ পর্যন্ত চলবে। বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব ২০২৫ সালের ১০ই মার্চ থেকে চৌঠা এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### 16th Finance Commission :

ষোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যান ড. অরবিন্দ পানাগড়িয়া বলেছেন, ত্রিপুরার অর্থনীতি সুপরিচালিত এবং রাজ্যের আর্থিক অবস্থা সুদৃঢ়। এটা নিশ্চিতভাবেই প্রশংসার দাবি রাখে। গতকাল রাজ্য সরকারি অতিথিশালায় আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি আরো বলেন, কমিশন তাদের চূড়ান্ত রিপোর্ট পেশ করার আগে বিভিন্ন রাজ্য সরকার, স্থানীয় নগর এবং গ্রামীণ সংস্থাগুলির সঙ্গে বৈঠক করে তাদের অভিমত জানতে চাইবে। তিনি জানান, পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় করের ৪১ শতাংশ অর্থ রাজ্যগুলিকে দেওয়া হচ্ছে এবং ৫৯ শতাংশ অর্থ

কেন্দ্রীয় সরকার নিজের হাতে রাখছে। এবার অধিকাংশ রাজ্যই-রাজ্যকে দেওয়া কেন্দ্রীয় করার পরিমাণ ৪১ শতাংশ থেকে বৃদ্ধি করার দাবি জানিয়েছে। আজ ত্রিপুরা সরকারের পক্ষ থেকেও এই পরিমাণ ৪১ শতাংশ থেকে বৃদ্ধি করে ৫০ শতাংশ করার দাবি জানানো হয়েছে। তিনি আরো বলেন, ত্রিপুরা সরকারের পক্ষ থেকে বন এলাকার ভিত্তিতে অর্থ বরাদ্দের পরিমাণ পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশকৃত ১০ শতাংশ থেকে বাড়িয়ে ২০ শতাংশ করার প্রস্তাব রাখা হয়েছে। এর আগে গতকাল সচিবালয়ে ষোড়শ অর্থ কমিশনের সঙ্গে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে রাজ্য সরকারের এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### **GB Press Meet :**

আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতালে শীঘ্রই লিভার সহ অন্যান্য অঙ্গ প্রতিস্থাপন করা হবে। গতকাল এক সাংবাদিক সম্মেলনে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্ট ডা. শংকর চক্রবর্তী একথা জানান। তিনি জানান, অঙ্গ প্রতিস্থাপন করার প্রক্রিয়া আরো বেশি উন্নত করার জন্য চেন্নাই-এর মোহন ফাউন্ডেশন মাল্টি অর্গান হারভেস্টিং নেটওয়ার্কিং প্রতিষ্ঠানটি কাজ করবে। সারা দেশে এমনকি পৃথিবীর উন্নত দেশেও এই প্রতিষ্ঠান সুনামের সাথে কাজ করছে।

\*\*\*\*\*

#### **Mahakumbha :**

উত্তরপ্রদেশের মুখ্য সচিব মনোজ কুমার সিং এবং ডিজিপি প্রশান্ত কুমার গতকাল প্রয়াগরাজের মহাকুম্ভের সঙ্গমঘাট এলাকা পরিদর্শন করেছেন। সফরকালে তারা ঘাট এলাকার সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখার পাশাপাশি নিরাপত্তা ব্যবস্থার পর্যালোচনা

করেন। উল্লেখ্য সঙ্ঘম ঘাটে ৩০ জনের মর্মান্তিক মৃত্যুর পর উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ মুখ্যসচিব এবং ডিজিপি-কে পরিস্থিতি পর্যালোচনা করে তার বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছিলেন।

\*\*\*\*\*

### **Inter Exchange Youth Programme :**

ভারত সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর অধীনস্থ মাই ভারত উত্তর ত্রিপুরার উদ্যোগে পাঁচদিন ব্যাপী আন্তঃ বিনিময় যুব কর্মসূচি গতকাল থেকে ধর্মনগর হিতসাধনী কোপারেটিভ প্রাঙ্গণে শুরু হয়েছে। উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপিনেত্রী অপর্ণা নাথ। সিকিম রাজ্যে থেকে আগত ২৬ জন স্বেচ্ছাসেবক এই কর্মসূচিতে অংশগ্রহন করেছে। অনুষ্ঠানটি চলবে আগামী তেসরা ফেব্রুয়ারি পর্যন্ত।

\*\*\*\*\*

### **CBC-Awareness :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে গতকাল বামুটিয়া আরডি ব্লকের নরসিংগড়ের জুয়েল ক্লাবে স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কি নাম এবং নেশা মুক্ত ভারত অভিযান নিয়ে সচেতনতা অভিযানের আয়োজন করা হয়। ব্লক ডেভেলপমেন্ট অফিসার অমিতাভ ভট্টাচার্য স্বচ্ছতা এক পেড় মা কে নাম কর্মসূচির অধীনে সবাইকে গাছ লাগাতে উৎসাহিত করেন। অনুষ্ঠানে নরসিংগড় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মেডিকেল অফিসার ডঃ অশ্বেষা ভট্টাচার্য বিস্তারিতভাবে নেশা মুক্ত অভিযানের কথা তুলে ধরেন।

\*\*\*\*\*

### **Leprosy Awareness Campaign :**

দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে গতকাল পঞ্চকাল ব্যাপী কুষ্ঠ সচেতনতা অভিযানের জেলা স্তরের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জ্যোতির্ময় দাস কুষ্ঠ রোগ শনাক্তকরণে স্বাস্থ্যকর্মীদের উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়ে কুষ্ঠ রোগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*

**Speaker TLA :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন গতকাল কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে "নাট্য মিলন" উৎসব-২০২৫ এর উদ্বোধন করেন। "নির্ঘোষ নিক্কন" নাট্য সংস্থার ২৬ বছর পূর্তি উপলক্ষ্যে এই কর্মসূচির আয়োজন। এই উপলক্ষে একটি স্মরণিকা'ও প্রকাশ করা হয়। এই উৎসব চলবে আগামীকাল পর্যন্ত।

\*\*\*\*\*

**Mela/Preparation :**

আসন্ন মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে কৈলাশহরের খাওড়াবিলে চৌদ্দ দেবতা মন্দির প্রাঙ্গণে ঐতিহ্যবাহী মেলা আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। কৈলাশহর মহকুমা প্রশাসকের উপ-সমাহর্তা মতিরঞ্জন দেববর্মা জানান, আসন্ন মেলাকে সামনে রেখে গতকাল এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২০ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*